# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
Email:uaojaldhaka.nilphamari@gmail.com

স্মারক নং-১২.০১.৭৩৩৬.০১০.১৮.০০৩.২৬.৮৩১ তারিখ: ১২ জুলাই ২০২৬ খ্রি:

## অফিস আদেশ

এতদ্বারা সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলারগণের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নিম্নে নির্দেশনা সমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

নির্দেশনাসমূহ:

১. প্রকৃত কৃষকের নিকট সার বিক্রি করতে হবে (কোন অবস্থাতেই খুচরা সার দোকানদার এর নিকট সার বিক্রয় করা যাবে না।)
২. বরাদ্দপত্র অনুযায়ী নির্ধারিত সময়ে টাকা জমা প্রদান পূর্বক যথাসময়ে(প্রতি মাসের সার প্রতি মাসে) উত্তোলন করতে হবে।
৩. সার গুদামে পৌছার পরপরই উপজেলা কৃষি অফিসে অবহিতকরণ ও আগমনী বার্তা প্রেরণ করতে হবে।
৪. বিক্রয় রেজিস্টারে ও ক্যাশ মেমো(ক্রমিক নং, কৃষকের নাম, পিতার নাম, ঠিকানা, মোবাইল নং, সারের পরিমান ও স্বাক্ষর) থাকতে হবে।
৫. বিক্রয়কেন্দ্র ও গোডাউনে বড় আকারে সাইনবোর্ড থাকতে হবে । সার সমূহ নির্ধারিত গোডাউনে মজুদ করতে হবে, নির্ধারিত গোডাউন ব্যতীত অন্য কোথাও মজুদ করা যাবে না।
৬. মজুদ বহি ও বিক্রয় রেজিস্টার হালনাগাদ করতে হবে।
৭. সরকার নির্ধারিত মূল্য তালিকা লালসালুতে লিখা থাকতে হবে এবং তা দৃশ্যমান স্থানে রাখতে হবে।
৮. বরাদ্দপত্র, ব্যাংক রশিদ, চালান, স্টক বুক, ক্যাশ মেমো, বিক্রয় রেজিস্টার সর্বদা পরিদর্শনের জন্য প্রস্তুত রাখতে হবে।
৯. সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রি করতে হবে।
১০. সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১১. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন ইউরিয়া ও নন ইউরিয়া সার বাহির হতে আনা যাবে না।
১২. বিসিআইসি ও বিএডিসি সার ডিলার কেহই অনুমোদিত উৎস ব্যতীত অন্য কোন উৎস হতে সার সংগ্রহ করতে বা ক্রয় বিক্রয় করতে পারবে না ।
১৩. অত্র উপজেলার সার অন্য উপজেলায় হস্তান্তর করা যাবে না।

উপরোক্ত নির্দেশনা অমান্যকারীকে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**"অতীব জরুরি"**

প্রাপক,
বিসিআইসি ও বিএডিসি সার ডিলার (সকল)
জলঢাকা, নীলফামারী

১২/০৭/২০২৬
(মো: মিজানুর রহমান)
উপজেলা কৃষি অফিসার
জলঢাকা, নীলফামারী

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নীলফামারী ।
২। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
৩। অফিসার ইন চার্জ, জলঢাকা থানা, নীলফামারী।
৪। অতিরিক্ত কৃষি অফিসার, জলঢাকা, নীলফামারী।
৫। কৃষি সম্প্রসারণ অফিসার(এইও-১, এইও-২), জলঢাকা, নীলফামারী।
৬। ..................এসএএও, জলঢাকা, নীলফামারী (আপনাকে নিয়মিত সার ডিলার মনিটরিং ও উপরোক্ত নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।)
৭। অফিস নথি।